রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ অগ্রহায়ণ, ১৪৩১/১৮ নভেম্বর, ২০২৪

**এস.আর.ও. নম্বর ৩৯২-আইন/২০২৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্বাস্থ্যসেবাকে জনমুখী, সহজলভ্য ও সার্বজনীন করিতে প্রয়োজনীয় সংস্কার প্রস্তাব করিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে 'স্বাস্থ্যখাত সংস্কার কমিশন' নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) **স্বাস্থ্যখাত সংস্কার কমিশন**

১) প্রফেসর এ কে আজাদ খান, সভাপতি, ডায়াবেটিক সমিতি - কমিশন প্রধান

২) প্রফেসর ডা. মোহাম্মদ জাকির হোসেন
জনস্বাস্থ্য ও স্বাস্থ্য ইনফরমেটিক অধিদপ্তর, বিএসএমএমইউ - সদস্য

৩) প্রফেসর লিয়াকত আলী, চেয়ারম্যান, পথিকৃৎ ফাউন্ডেশন - সদস্য

৪) প্রফেসর ডা. সায়েবা আক্তার, গাইনোকলজিস্ট - সদস্য

৫) প্রফেসর ডা. নায়লা জামান খান, শিশু স্নায়ুতন্ত্র বিভাগ - সদস্য

৬) জনাব এম এম রেজা, সাবেক সচিব - সদস্য

৭) প্রফেসর ডা. মোজাহেরুল হক
সাবেক আঞ্চলিক উপদেষ্টা (দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চল), বিশ্ব স্বাস্থ্য সংস্থা - সদস্য


মূল্য : টাকা ৪.০০

৮) ডা. আজহারুল ইসলাম, আইসিডিডিআর,বি - সদস্য

৯) প্রফেসর ডা. সৈয়দ মো: আকরাম হোসেন - সদস্য
স্কয়ার ক্যান্সার সেন্টার, স্কয়ার হাসপাতাল

১০) প্রফেসর ডা. সৈয়দ আতিকুল হক - সদস্য
চীফ কনসালটেন্ট, গ্রীন লাইফ সেন্টার ফর রিউম্যাটিক কেয়ার এন্ড রিসার্চ

১১) ডা. আহমেদ এহসানুর রাহমান - সদস্য
বিজ্ঞানী, শিশু ও মাতৃস্বাস্থ্য বিভাগ, আইসিডিডিআর,বি

১২) জনাব উমায়ের আফিফ, ৫ম বর্ষ, ঢাকা মেডিকেল কলেজ - সদস্য।

(খ) কমিশন অবিলম্বে উহার কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;

(গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;

(ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;

(ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;

(চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে; এবং

(ছ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd